বিজ্ঞপ্তি নং ১৫/২০২৬



**পায়রা বন্দর কর্তৃপক্ষ**
**কলাপাড়া, পটুয়াখালী**
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৭৮.২৬.**৯৪৬**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী) | পদের সংখ্যা | ১৬ নভেম্বর ২০২৬ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | পাইলট (৭১,০০০-১,৩৪,০০০/-(৬ষ্ঠ গ্রেড) | ০৪ (চার) টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | ক। মাস্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>খ। ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |

**নিয়োগের শর্তাবলিঃ**

১। উল্লিখিত পদে আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৮ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনের কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে সদস্য (প্রশাসন ও অর্থ), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী বরাবর সরাসরি বা ডাকে প্রেরণ করতে হবে। ০৮ ডিসেম্বর ২০২৬ তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

২। নিয়োগের ক্ষেত্রে **"পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭"** এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৩। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। পায়রা বন্দর কর্তৃপক্ষ' এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে **২০০.০০ টাকা** মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৫। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং আবেদনপত্রসহ সকল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। প্রার্থী কর্তৃক প্রেরিত আবেদনের কপিতে কোন প্রকার কাটা কাটি/ঘষামাজা গ্রহণযোগ্য নয়।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। আবেদনপত্র যাচাই-বাছাই এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/১১/২৬
মোঃ হারুন-অর-রশীদ
সদস্য (প্রশাসন ও অর্থ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ